গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
বীর উত্তম এ,কে খন্দকার রোড
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

স্মারক নং-৫১.০১.০০০০.০০৪.১১.০৩৭.১৫-১৮২

তারিখ: ১৬ মার্চ, ২০১৬ খ্রিস্টাব্দ
০২ চৈত্র, ১৪২২ বঙ্গাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ০৮/০২/২০১৬ খ্রিঃ তারিখের ৫১.০০.০০০০.৪১০.১১.০০৫.১৩-৬১নং স্মারক মোতাবেক দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের নিয়ন্ত্রনাধীন রাজস্ব খাতভূক্ত নির্ধারিত বেতন স্কেলে নিম্ন বর্ণিত ৩য় ও ৪র্থ শ্রেণীর শূন্য পদ অস্থায়ী ভিত্তিতে পূরণের জন্য আগ্রহী প্রার্থীদের নিকট হতে সাদা কাগজে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | পদের নাম | বেতন স্কেল | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার বাসিন্দারা আবেদন করতে পারবেন* |
|---|---|---|---|---|---|
| ১ | উচ্চমান সহকারী | ১০২০০-২৪৬৮০/- | ০৩ | স্নাতক ডিগ্রী | ঢাকা, মুন্সীগঞ্জ, নারায়ণগঞ্জ, গাজীপুর, ময়মনসিংহ, নেত্রকোণা, কিশোরগঞ্জ, শেরপুর, শরীয়তপুর, চট্টগ্রাম, কক্সবাজার, নোয়াখালী, লক্ষ্মীপুর, ব্রাহ্মণবাড়িয়া, সিলেট মৌলভীবাজার, সুনামগঞ্জ, হবিগঞ্জ, রাজশাহী, নওগাঁ, জয়পুরহাট, পাবনা, সিরাজগঞ্জ, রংপুর, পঞ্চগড়, কুড়িগ্রাম, লালমনিরহাট, গাইবান্ধা, নীলফামারী, খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, যশোর, ঝিনাইদহ, ঝালকাঠি |
| ২ | বেতার যন্ত্রচালক (ওয়ারলেস অপারেটর) | ৯৭০০-২৩৪৯০/- | ০২ | সরকার অনুমোদিত টিএন্ডটি ইনষ্টিটিউট হতে প্রশিক্ষণ সার্টিফিকেট/উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট | -ঐ- |
| ৩ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৯৩০০-২২৪৯০/- | ৩৫ | ১। কমপক্ষে উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ।<br>২। কম্পিউটার কম্পোজে গতি সর্বনিম্ন প্রতি মিনিটে বাংলায় ২০ ও ইংরেজীতে ২০ শব্দ থাকতে হবে।<br>৩। কম্পিউটার এ্যাপটিচ্যুড পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | -ঐ- |
| ৪ | গাড়ীচালক | ৯৩০০-২২৪৯০/- | ০৪ | ৮ম শ্রেণী পাস। ড্রাইভিং লাইসেন্সসহ হালকা ও ভারী যানবাহন চালনায় ৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। যানবাহন সংক্রান্ত কারিগরি দক্ষতা সম্পন্ন চালকদের অগ্রাধিকার দেয়া হবে। | -ঐ- |
| ৫ | অফিস সহায়ক (এমএলএসএস) | ৮২৫০-২০০১০/- | ০৩ | ৮ম শ্রেণী পাস | নরসিংদী, ময়মনসিংহ, নেত্রকোণা, কিশোরগঞ্জ, শেরপুর, টাঙ্গাইল, মাদারীপুর, চট্টগ্রাম, কক্সবাজার, নোয়াখালী, ফেনী, কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, সিলেট, হবিগঞ্জ, রাজশাহী, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, জয়পুরহাট, সিরাজগঞ্জ, নীলফামারী, সাতক্ষীরা, বরিশাল, ঝালকাঠি, পটুয়াখালী |
| ৬ | নিরাপত্তা প্রহরী (গার্ড/দারোয়ান) | ৮২৫০-২০০১০/- | ০৪ | ৮ম শ্রেণী পাস | -ঐ- |

২।	এ নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান কোটা অনুসরণ করা হবে।

৩।	আগ্রহী প্রার্থীদের জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত নিম্নবর্ণিত ০১ (এক) পাতার ফরম পূরণপূর্বক ডাকযোগে অথবা সরাসরি আগামী ১৭/০৪/২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস সময়ের মধ্যে পরিচালক (প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩, বীর উত্তম এ,কে, খন্দকার রোড (মহাখালী বা/এ) ঢাকা-১২১২ বরাবরে পৌঁছাতে হবে। খামের উপর প্রার্থীত পদের নাম ও নিজ জেলা অবশ্যই উল্লেখ করতে হবে। আবেদন পত্রের নমুনা দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ওয়েবসাইটে (www.ddm.gov.bd) পাওয়া যাবে।

৫×৫ সে.মি. ছবি
(সম্প্রতি তোলা ৩ কপি)

## চাকরির আবেদন ফরম

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নামঃ | | | | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বরঃ | তারিখঃ | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
| ৩. | প্রার্থীর নাম | বাংলায়ঃ | | | | | | | | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে) ঃ | | | | | | | | |
| ৪. | জাতীয় পরিচয় পত্র নম্বরঃ | | | | | | | | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বরঃ | | | | | | | | | |
| ৫. | জন্ম তারিখঃ | দি ন মা স ব ৎ স র | | | | | | ৬. জন্মস্থান (জেলা)ঃ | | |
| ৭. | **বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়সঃ** | বছর | মাস | দিন | | | | | | |
| ৮. | মাতার নামঃ | | | | | | | | | |
| ৯. | পিতার নামঃ | | | | | | | | | |

| | | | |
|---|---|---|---|
| ১০. | ঠিকানা | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর)ঃ | | |
| | গ্রাম/পাড়া/মহল্লাঃ | | |
| | ইউনিয়ন/ওয়ার্ডঃ | | |
| | ডাকঘরঃ | | |
| | পোস্টকোড নম্বরঃ | | |
| | উপজেলাঃ | | |
| | জেলাঃ | | |
| ১১. | যোগাযোগঃ | মোবাইল নম্বরঃ | ই-মেইলঃ (যদি থাকে) |

| | | | |
|---|---|---|---|
| ১২. | জাতীয়তাঃ | ১৩. | জেন্ডারঃ |
| ১৪. | ধর্মঃ | ১৫ | পেশাঃ |

১৬. **শিক্ষাগত যোগ্যতাঃ**

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/ বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে)ঃ | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে)ঃ | | | |
| ১৯. | কোটা (টিক দিন) | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম/ শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্যঃ (উল্লেখ করুন) |

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০. | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বরঃ | | তারিখঃ | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
| | ব্যাংক ও শাখার নামঃ | | | | | | | | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন) ঃ | হ্যাঁ | না | | প্রযোজ্য নয় | | | | | | |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| তারিখঃ | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
|---|---|---|---|---|---|---|---|---|

প্রার্থীর স্বাক্ষর

৪। আবেদনপত্রের সাথে কোন কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে না। শুধুমাত্র সদ্য তোলা ০৩ (তিন) কপি (৫×৫ সে.মি. সাইজের) সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

৫। ক্রমিক নং-১ হতে ৪ পর্যন্ত পদের জন্য ১০০/- (একশত) টাকা এবং ক্রমিক নং- ৫ ও ৬ এর জন্য ৫০/-(পঞ্চাশ) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে সরকার নির্ধারিত ১-৪৯৩২-০০০০-২০৩১ কোড নম্বরে জমা করে ট্রেজারী চালানের মূলকপি আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে।

৬। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্ব-শাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অনাপত্তি পত্রসহ নির্দিষ্ট সময়সীমার মধ্যে আবেদন করতে হবে। অনাপত্তি পত্রের অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়। বিভাগীয় প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে পারবেন।

৭। ২৯/০২/২০১৬ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩২ (বত্রিশ) বছর। মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের (নাতি-নাতনি) বয়সের উর্ধ্বসীমা ৩০ (ত্রিশ) বছর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৮। প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক লিখিত এবং মৌখিক পরীক্ষায় অবতীর্ণ হতে হবে। কেবলমাত্র মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রসমূহের মূল কপি প্রদর্শন করতে হবে এবং এক কপি সত্যায়িত অনুলিপি জমা প্রদান করতে হবে। সকল সত্যায়ন/প্রত্যয়ন ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সম্পাদিত হতে হবে।

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত কপি।

(খ) প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার জ্ঞানের সমর্থনে সনদের সত্যায়িত কপি।

(গ) চাকরির আবেদন ফরমে উল্লিখিত স্থায়ী ঠিকানা, নিজ জেলা ও জাতীয়তা সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা উল্লেখ করতঃ) জাতীয়তার সনদপত্রের মূল/সত্যায়িত কপি।

(ঘ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ পত্র।

(ঙ) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধা সনদপত্র (মন্ত্রণালয়ের সনদ, বামুস সনদ), মুক্তিবার্তা/গেজেট নম্বর ও তারিখ, মুক্তিযোদ্ধার বয়স প্রমাণের লক্ষ্যে এসএসসি সনদ/জন্ম সনদ, মৃত মুক্তিযোদ্ধার মৃত্যু সনদ এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকরি প্রার্থীদের ক্ষেত্রে উপরোক্ত কাগজপত্রাদিসহ প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সম্পর্কের প্রমাণক হিসেবে উপযুক্ত সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়ন পত্র। প্রার্থী এবং তার পিতা-মাতার জাতীয় পরিচয় পত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

(চ) কাগজপত্রসমূহের দুই কপি সত্যায়িত অনুলিপি জমা প্রদান করতে হবে।

(ছ) উপজাতি ও অন্যান্য কোটাভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

(জ) শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত শারীরিক প্রতিবন্ধী সম্পর্কিত সত্যায়িত ফটোকপি।

৯। প্রাপ্ত আবেদনপত্র যাচাই/বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত প্রার্থীদের লিখিত পরীক্ষা/সাক্ষাতকারের জন্য ডাকা হবে। এর জন্য কোন টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

১০। অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত আবেদন এবং আবেদনপত্রের গায়ে কোন প্রকার সুপারিশ থাকলে আবেদন পত্রটি সরাসরি বাতিল বলে গন্য হবে।